# বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট

# বাজেট

# ২০২৩-২৪



**মনিটরিং সেল**

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

---

www.mof.gov.bd

# বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট

## ১. ভূমিকা

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মহান স্বাধীনতা যুদ্ধে অংশগ্রহণকারী যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা ও শহিদ বীর মুক্তিযোদ্ধা পরিবারের কল্যাণ সাধনকল্পে ১৯৭২ সালে মহামান্য রাষ্ট্রপতির আদেশ নং-৯৪/১৯৭২ বলে বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট প্রতিষ্ঠা করেন। ১৯৭২ সালে বঙ্গবন্ধু কর্তৃক প্রদত্ত ১৮ টি শিল্প ও বাণিজ্যিক প্রতিষ্ঠান ও পরবর্তীতে আরও ১১টি শিল্প প্রতিষ্ঠান ট্রাস্টকে প্রদান করা হয়। এছাড়াও ট্রাস্ট নিজস্ব উদ্যোগে ৩টি প্রতিষ্ঠা করে। বর্তমানে ট্রাস্টের শিল্প ও বাণিজ্যিক প্রতিষ্ঠান/প্লট সংখ্যা ৩৩টি (জমির পরিমাণ ৭০.৩৭ একর)। উক্ত জমিতে ভাড়ায় পরিচালিত বিভিন্ন স্থাপনা ও উন্নয়ন প্রকল্প চলমান রয়েছে। অব্যবস্থাপনা ও অনিয়মের কারণে ট্রাস্ট একটি লাভজনক প্রতিষ্ঠান থেকে লোকসানি প্রতিষ্ঠানে পরিণত হয়। কর্মকর্তা/কর্মচারিদের বেতন-ভাতা ও সার্ভিস বেনিফিট প্রদান দুঃসাধ্য হয়ে পড়ে। সরকার হতে ঋণ গ্রহণ করে বেতন পরিশোধের কারণে প্রতিষ্ঠানটি ডিএসএল (DSL) ঋণের আওতায় পতিত হয়। যার কারণে উক্ত ঋণ বৃদ্ধি বর্তমানে ১০১.৮৭ কোটি টাকা দাঁড়িয়েছে। বিগত ০২ বছরে সর্বক্ষেত্রে শৃংখলা, ট্রাস্টের সকল সেবা ডিজিটালাইজ ও যুগোপযোগীকরণের মাধ্যমে বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট একটি লাভজনক প্রতিষ্ঠানে পরিণত হয়েছে। জাতির পিতা বঙ্গবন্ধু প্রতিষ্ঠিত বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট বর্তমানে আমূল বদলে এক প্রকৃত কল্যাণ ধর্মী, উৎকৃষ্ঠ সেবামূলক এবং বীর মুক্তিযোদ্ধা ও তাঁদের পরিবারের এক নির্ভরতা ও আস্থার প্রতিষ্ঠানে নবরুপ লাভ করেছে।

## ২. রূপকল্প (Vision)

যুদ্ধাহত ও খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা এবং মৃত যুদ্ধাহত, মৃত খেতাবপ্রাপ্ত ও শহিদ বীর মুক্তিযোদ্ধা পরিবারের সার্বিক কল্যাণ সাধন।

## ৩. অভিলক্ষ্য (Mission)

যুদ্ধাহত মুক্তিযোদ্ধা, খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা ও শহিদ মুক্তিযোদ্ধা পরিবারের সার্বিক কল্যাণ সাধন, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের আর্থিক অবস্থা দৃঢ়করণ, প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ এবং মুক্তিযোদ্ধার সন্তান ও পরবর্তী প্রজন্মের উচ্চশিক্ষায় সহায়তা প্রদান।

## ৪. প্রধান কার্যাবলিঃ

- ট্রাস্টকে আর্থিকভাবে সমৃদ্ধ ও সামর্থ্যবান করার জন্য ট্রাস্টের মালিকানাধীন স্থাবর ও অস্থাবর সম্পত্তির উন্নয়ন, রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনা এবং সম্পত্তি অর্জনের যাবতীয় কার্যক্রম গ্রহণ;
- সরকার কর্তৃক নির্ধারিত হারে সম্মানী ভাতা, উৎসব ভাতা বা অন্য কোনো ভাতা, সম্মানি বা সুবিধা প্রদান;
- ত্রাণ ও পুনর্বাসনের লক্ষ্যে অর্থ, পণ্য বা সরকার কর্তৃক নির্ধারিত অন্য কোনো সহায়তা প্রদান;
- বিভিন্ন প্রকল্প বা কর্মসূচি প্রণয়ন, বাস্তবায়ন, রক্ষণাবেক্ষণ ও এর ব্যবস্থাপনা;
- যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাগণকে ঔষধপত্রসহ প্রয়োজনীয় চিকিৎসা সেবা প্রদান;
- যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাগণের চিকিৎসাসেবা নিশ্চিত করার লক্ষ্যে বিশেষায়িত চিকিৎসার নিমিত্ত ক্লিনিক, ডিসপেনসারি বা হাসপাতাল প্রতিষ্ঠা এবং এর ব্যবস্থাপনার দায়িত্ব পালন;
- শহিদ পরিবার ও যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাগণের জন্য পুনর্বাসন ও প্রশিক্ষণকেন্দ্র প্রতিষ্ঠা ও প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণসহ এর ব্যবস্থাপনার দায়িত্ব পালন; সুবিধাভোগীদের শিক্ষা বৃত্তি প্রদান;
- স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন, ধারণ ও সরকারের পূর্বানুমোদনক্রমে হস্তান্তর ও বিক্রয়; তহবিল গঠন ও এর ব্যবস্থাপনা;
- ট্রাস্টের জন্য অর্থ, সিকিউরিটিজ, দলিলাদি অথবা অন্য কোনো অস্থাবর সম্পত্তি গ্রহণ;
- ট্রাস্টের অর্থ ও তহবিল বিনিয়োগ এবং প্রয়োজনবোধে বিনিয়োগ পরিবর্তন;
- সরকার কর্তৃক অনুমোদিত যে কোনো সিকিউরিটিজ ক্রয়, বিক্রয়, পৃষ্ঠাঙ্কন, হস্তান্তর, বিনিময় বা এই প্রকারের কার্যক্রম সম্পন্নকরণ;

- সরকারের অনুমোদনক্রমে যে কোনো ব্যক্তি বা দেশি বা বিদেশি প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদন এবং এতদসংশ্লিষ্ট প্রয়োজনীয় দলিলাদি সম্পাদন;
- দেশি বা বিদেশি প্রতিষ্ঠানের সাথে যৌথভাবে উন্নয়ন কার্যক্রম গ্রহণ ও সম্পাদন;
- এ আইনের উদ্দেশ্য পূরণকল্পে, অন্য যে কোনো প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

## ৫. কৌশলগত উদ্দেশ্যসমূহ

- যুদ্ধাহত মুক্তিযোদ্ধা, খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের কল্যাণ সাধন;
- বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের আর্থিক অবস্থা দৃঢ়করণ;
- প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ; এবং
- মুক্তিযোদ্ধার সন্তান ও পরবর্তী প্রজন্মের উচ্চশিক্ষায় সহায়তা প্রদান।

## ৬. সংস্থার বিগত তিন বছরের অর্জনসমূহ

- গত ০২ বছরে উল্লেখযোগ্য সাফল্য নিম্নরূপ:

| ক্রমিক | উদ্ধারকৃত সম্পত্তির বিবরণ | জমির পরিমাণ | বাজার মূল্য |
|---|---|---|---|
| ১. | ঢাকার টিকাটুলিস্থ হরদেও গ্লাস ওয়ার্কস এর অফিস বাড়ি | ২৬.৯২ শতক | ১০০ কোটি টাকা |
| ২. | ঢাকার টিকাটুলিস্থ হরদেও গ্লাস ওয়ার্কস এর স্কুল বাড়ি | ১৪.০০ শতক | ৬৫ কোটি টাকা |
| ৩. | ১/৬ গজনবি রোড, মোহাম্মদপুরের বাড়ি | ২০.২০ শতক | ১১০ কোটি টাকা |
| ৪. | ঢাকার মোহাম্মদপুরস্থ গজনবি রোডের ‘মুক্তিযোদ্ধা টাওয়ার-১’ এর ফ্ল্যাট | ১২টি ফ্ল্যাট | - |
| ৫. | চট্টগ্রামস্থ ইস্টার্ন কেমিক্যালস ইন্ডাস্ট্রিজ লি: | ১০.০১ একর | ৮০ কোটি টাকা |
| ৬. | চট্টগ্রামস্থ কালুরঘাটে অবস্থিত মালটিপল জুস কনসেনট্রেট প্ল্যান্ট | ৫.০৬ একর | ৬০ কোটি টাকা |
| ৭. | তাবানি বেভারেজ কোং লি:, মিরপুর, ঢাকা | ৩৩.০০ শতক | ৩২ কোটি টাকা |
| ৮. | অবৈধ দখলে থাকা গুলিস্তান শপিং কমপ্লেক্সের দোকান | ১০টি দোকান | - |
| | মোট: | ১৬.০১১২ একর | ৪৪৭ কোটি টাকা |

- ২০০১ সালে শুরু করে জটিলতার কারণে ২০০৭ সালে বন্ধ হওয়া গুলিস্তান কমপ্লেক্স ২০২১ সালে সুরাহা করা হয়। ইতোমধ্যে ১৪তম তলার ছাদ ঢালাই সম্পন্ন করেছে। ৯ তলা পর্যন্ত মার্কেটে ১০৭৪টি দোকান রয়েছে। এতে প্রায় ৪০০০ লোকের কর্মসংস্থান হয়েছে।
- মুন কমপ্লেক্স, ওয়াইজঘাট,ঢাকা দীর্ঘ ১৭ বছর পর সম্প্রতি ট্রাস্টের নিয়ন্ত্রণে আনা হয়েছে। এ ভবনে ট্রাস্টের অংশে ৭৯৭ টি দোকান রয়েছে। এতে প্রায় ৩০০০ লোকের কর্মসংস্থান হয়েছে।
- চট্টগ্রামে ৪টি বেইজমেন্টসহ ২৫তলা বিশিষ্ট ‘টাওয়ার-৭১’ ভবনের নির্মাণকাজ ২০১২ সনে শুরু হয়। বিগত ২ বছরে নির্মাণ সম্পন্ন হয়েছে। ফিনিশিং কাজ চলমান। এ ভবনে প্রায় ২০০০ লোকের কর্মসংস্থান হবে।
- চট্টগ্রামে ২টি বেইজমেন্টসহ ১৭তলা বিশিষ্ট ‘জয়বাংলা বাণিজ্যিক ভবন’ এর নির্মাণকাজ ২০১২ সনে শুরু হয়। বিগত ২ বছরে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের ফলে নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। এ ভবনে প্রায় ১৫০০ লোকের কর্মসংস্থান হবে।
- ট্রাস্টে আর্থিক শৃংখলা আনয়ন, বীর মুক্তিযোদ্ধাদের প্রদত্ত সেবা ডিজিটালাইজেশন ও আধুনিকায়ন করে দ্রুত সেবা প্রদান করা সম্ভব হচ্ছে। এতে যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা ও তাঁদের পরিবারের ৩০-৩৫ হাজার সদস্য উপকৃত হচ্ছেন।
- ২০২০ সালে স্থায়ী আমানত ছিল ১৯২ কোটি টাকা, ২০২২ সালের ডিসেম্বর পর্যন্ত স্থায়ী আমানত ৫৫২ কোটি টাকায় উন্নীত হয়েছে।
- ২০২১-২০২২ অর্থবছরে বেতন ও সার্ভিস বেনিফিট প্রদানের পর শুধু প্রতিষ্ঠানের ভাড়া থেকে নীট আয়ের পরিমাণ প্রায় ৩৪.০০ কোটি টাকা।
- দীর্ঘ ২৭ বছর পর ঢাকার তেজগাঁওস্থ মেটাল প্যাকেজেস লি: এর লিজির নিকট পাওনা ২.০০ কোটি টাকা বকেয়া ভাড়া আদায় করা হয়েছে।

- ২০২০ সালের ডিসেম্বরে বঙ্গবন্ধু ছাত্রবৃত্তি খাতে তহবিল ছিল ৪৩.১৫ কোটি টাকা। ২০২২ সালের ডিসেম্বরে উক্ত খাতে স্থিতি ১২৯ কোটি টাকা। বীর মুক্তিযোদ্ধার প্রজন্মদের প্রায় ৪৫০০ জন শিক্ষার্থীকে বঙ্গবন্ধু ছাত্রবৃত্তি প্রদান করা হচ্ছে।
- বাংলাদেশের মহান স্বাধীনতা যুদ্ধে অংশগ্রহণকারী ভারতীয় সৈন্যদের সন্তানদের বৃত্তি প্রদান করা হয়েছে, এ খাতে আর্থিক সংশ্লেষ ১, ৫০,০০০ মার্কিন ডলার।

## ৭. সংস্থার Key Performance Indicators (KPI)

- মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতা প্রদানসহ যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও শহিদ মুক্তিযোদ্ধা পরিবার এবং খেতাবধারী মুক্তিযোদ্ধাদেরকে বিভিন্ন সুযোগ-সুবিধা প্রদান
- মুক্তিযোদ্ধাদের জন্য বাণিজ্যিক/ আবাসিক অবকাঠামো নির্মাণ, মেরামত ও সংক্ষণ
- মুক্তিযোদ্ধাদের পুনর্বাসনের লক্ষ্যে চালু শিল্প প্রতিষ্ঠান ও মার্কেট

## ৮. সমস্যা ও চ্যালেঞ্জসমূহ

অডিট আপত্তি নিষ্পত্তিকরণ, সাংগঠনিক কাঠামো হালনাগাদকরণ, যথাসময়ে রিট মামলাসহ বিভিন্ন মামলা নিষ্পত্তিকরণ এবং ট্রাস্টের আয় বৃদ্ধি করা কল্যাণ ট্রাস্টের প্রধান চ্যালেঞ্জ।

## ৯. ভবিষ্যৎ পরিকল্পনা

- রাজধানী সুপার মার্কেট, স্কুল বাড়ি, তাবানী বেভারেজ, দেলোয়ার পিকর্চাস লিমিটেড-এর জমিতে নিজস্ব অর্থায়নে বহুতল ভবন নির্মাণ।
- মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট ও জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল এর অফিস করার জন্য ''মুক্তিযুদ্ধ ভবন" নির্মাণ।
- ইউনাইটেড টোবাকো কোং লি:, বাংলাদেশ গ্লাস ইন্ডাস্ট্রিজ লি:, মাল্টিপল জুস এন্ড কনসেনট্রেট প্ল্যান্ট ও ডালপট্টির জমিতে আধুনিকমানের স্টীলের ওয়্যারহাউজ নির্মাণ।
- পূর্ণিমা ফিলিং এন্ড সার্ভিস স্টেশন আধুনিকায়ন ও এলপিজি সংযোজন।
- গজনবি রোডের ১/৬নং প্লট, হরদেও গ্লাস ওয়ার্কসের অফিস বাড়ির জায়গা উপর বহুতল বাণিজ্যিক/আবাসিক ভবন নির্মাণ।
- কল্যাণ ট্রাস্টের অধীন খালি জায়গা ভাড়া প্রদান।
- মুক্তিযোদ্ধা টাওয়ার-১ এ নির্মিত যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের জন্য রোগমুক্তি বিশ্রামাগারটি বিশেষজ্ঞ চিকিৎসক নিয়োগ ও আধুনিক চিকিৎসা সরঞ্জামাদিসহ আধুনিকায়ন।
- যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও শহিদ মুক্তিযোদ্ধা পরিবারের রিট মামলাসহ বিভিন্ন মামলা নিষ্পত্তিকরণ।

## ১০. সংস্থার ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত ও অনুমোদিত এবং ২০২১-২২ অর্থবছরের মোট আয়, মোট ব্যয়, ব্যয় উদ্বৃত্ত আয়/(ঘাটতি):

### প্রধান কার্যালয়

**(লক্ষ টাকায়)**

| ক্রমিক নম্বর | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | সাময়িক ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১. | মোট আয় | ৫৫৯৭৬.২৪ | ৫৮০৯১.৪৭ | ৫১৫৮০.৫৫ | ৫৬৫১১.৮৫ |
| ২. | মোট ব্যয় | ৫৪২৬১.৮০ | ৫৬৫৯৯.৯৪ | ৫০৬৯৮.৩৭ | ৫৫১৬১.৬৮ |
| **৩.** | **ব্যয় উদ্বৃত্ত আয়/(ঘাটতি)** | **১৭১৪.৪৪** | **১৪৯১.৫৩** | **৮৮২.১৮** | **১৩৫০.১৭** |

## ১১. প্রধান কার্যালয়ের বাজেট পর্যালোচনা

### ক. আয় ও ব্যয়

মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের প্রধান কার্যালয়ের আয়ের খাতের মধ্যে সরকারি অনুদান, প্রাপ্য সুদ ও প্রাপ্য ভাড়া উল্লেখ যোগ্য। পঙ্গু ও শহিদ মুক্তিযোদ্ধা পরিবারের সাহায্যার্থে ট্রাস্ট সরকার হতে অনুদান পেয়ে থাকে। প্রধান কার্যালয়ের মোট ব্যয়ের অর্ধেকই মূলতঃ বেতন ভাতা খাতে ব্যয়। ২০২১-২২ অর্থবছরে যুদ্ধাহত ও শহীদ পরিবারের সাহায্য হিসাবে সরকার কর্তৃক প্রদত্ত অনুদান ছিল ৫১৮.৮৯ কোটি টাকা। ২০২২-২৩ সংশোধিত অর্থবছরে এবং ২০২৩-২৪ প্রাক্কলিত অর্থবছরে এ অনুদান যথাক্রমে ৫৩৪.৫৩ কোটি টাকা এবং ৫০৬.৯৬ কোটি টাকা হবে মর্মে প্রাক্কলন করা হয়েছে। ২০২১-২২ অর্থবছরে মোট আয়ের পরিমাণ ছিল ৫৬৫.১২ কোটি টাকা যা ২০২২-২৩ সংশোধিত বাজেটে ও ২০২৩-২৪ প্রাক্কলিত বাজেটে বৃদ্ধি পেয়ে যথাক্রমে ৫৮০.৯১ কোটি ও ৫৫৯.৭৬ কোটি টাকা হবে বলে আশা করা যাচ্ছে। ব্যয়ের উল্লেখযোগ্য খাতসমূহ হচ্ছে বেতন ও ভাতাদি, মেরামত ও রক্ষণাবেক্ষণ, জ্বালানি খাতে ব্যয়, রাষ্ট্রীয় সম্মানী ভাতা এবং সুদ ব্যয় ইত্যাদি। সংস্থা রাষ্ট্রীয় সম্মানী ভাতার সম্পূর্ণটাই সরকারি অনুদান হিসেবে পেয়ে থাকে। সংস্থার ২০২১-২২ অর্থবছরে মোট ব্যয়ের পরিমাণ ছিল ৫৫১.৬২ কোটি টাকা। ২০২২-২৩ সংশোধিত অর্থবছরে ও ২০২৩-২৪ প্রাক্কলিত অর্থবছরে মোট ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৫৬৬.০০ কোটি টাকা ও ৫৪২.৬২ কোটি টাকা। ২০২১-২২ অর্থবছরে সংস্থার ব্যয় পরবর্তী উদ্বৃত্ত আয়ের পরিমাণ ছিল ১৩.৫০ কোটি টাকা। ২০২২-২৩ সংশোধিত অর্থবছরে এবং ২০২৩-২৪ প্রাক্কলিত অর্থবছরে ব্যয় পরবর্তী উদ্বৃত্ত আয় বৃদ্ধি পেয়ে যথাক্রমে ১৪.৯১ কোটি এবং ১৭.১৪ কোটি টাকা দাঁড়াবে মর্মে প্রাক্কলন করা হয়েছে।

### খ. তহবিল প্রবাহ

২০২১-২২ অর্থবছরে ট্রাস্টের মোট ২৬৬.১৬ কোটি টাকা তহবিল সংগ্রহ হয়। এর বিপরীতে স্থায়ী সম্পদে ০.২৮ কোটি টাকা বিনিয়োগ পরবর্তী সমাপনী নগদ ও ব্যাংক স্থিতির পরিমাণ ছিল ২৫১.৯০ কোটি টাকা। ২০২২-২৩ সংশোধিত অর্থবছরে স্থায়ী সম্পদে ৫.৮০ কোটি টাকা বিনিয়োগ পরবর্তী সম্ভাব্য সমাপনী নগদ ও ব্যাংক স্থিতির পরিমাণ দাঁড়াবে ২০৬.৯৩ কোটি টাকা। পক্ষান্তরে ২০২৩-২৪ প্রাক্কলিত অর্থবছরে স্থায়ী সম্পদে ৬৫.৪৪ কোটি টাকা বিনিয়োগ পরবর্তী সমাপনী নগদ ও ব্যাংক স্থিতির পরিমাণ ১৩৭.৮৮ কোটি টাকা দাঁড়াবে মর্মে প্রাক্কলন করা হয়েছে।

### গ. মূলধন কাঠামো

৩০ শে জুন, ২০২২ সনে ট্রাস্টের প্রধান কার্যালয়ের মোট সম্পদ ছিল ৬৬৭.৮১ কোটি টাকা। এ সম্পদের ৬৭% ঋণ এবং ৩৩% মূলধন দ্বারা যোগান হয়েছে। অপরদিকে, ২০২২-২৩ সংশোধিত বাজেটে ও ২০২৩-২৪ প্রাক্কলিত বাজেটে মোট সম্পদের পরিমাণ প্রাক্কলন করা হয়েছে যথাক্রমে ৬৮২.৭৩ কোটি টাকা ও ৬৯৯.৮৭ কোটি টাকা এবং ঋণ ও মূলধনের অনুপাত যথাক্রমে ৬৬:৩৪ এবং ৬৪:৩৬ হবে মর্মে অভিক্ষেপণ করা হয়েছে।

### ঘ. জনবল

বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের নির্বাহী কমিটির ৪১ তম সভার সিদ্ধান্ত অনুযায়ী ক্রমাগত লোকসানের কারণে ট্রাস্টের ০২ টি চালু প্রতিষ্ঠান (মিমি চকলেট লিঃ এবং ইস্টার্ন কেমিক্যাল ইন্ডাঃ লিঃ) এর অপারেশন বন্ধ করে মাসিক ভিত্তিতে ভাড়া দেয়া হয়েছে। সে পরিপ্রেক্ষিতে ইউনিটসমূহের জনবলের বেতন ও ভাতাদি প্রদান কার্যালয় হতে দেয়া হচ্ছে। ২০২১-২২ অর্থবছরে প্রধান কার্যালয়ে মোট ২৪৫ জনবলের বিপরীতে বেতন ও ভাতাদির পরিমাণ ছিল ৩৫.৩৫ কোটি টাকা। ২০২২-২৩ সংশোধিত বাজেটে ও ২০২৩-২৪ প্রাক্কলিত বাজেটে ২৭১ জনবলের বিপরীতে মোট বেতন ও ভাতাদির পরিমাণ দাঁড়াবে যথাক্রমে ১৭.০১ কোটি টাকা ও ১৮.২৭ কোটি টাকা। ২০২১-২২ অর্থবছরে জনপ্রতি গড় বেতন ও ভাতাদির পরিমাণ ছিল ১৪৪২৭৫৫ টাকা। ২০২২-২৩ সংশোধিত বাজেটে ও ২০২৩-২৪ প্রাক্কলিত বাজেটে কর্মীপ্রতি গড় বেতন ও ভাতা যথাক্রমে ৬২৭৬৯০ টাকা ও ৬৭৪১৮১ টাকায় দাঁড়াবে মর্মে প্রাক্কলন করা হয়েছে।

| |
|---|
| প্রতিটি খাতে ব্যয়ের ক্ষেত্রে আর্থিক বিধি-বিধান অনুসরণ করতে হবে। |

## বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট

### প্রধান কার্যালয়

### প্রাক্কলিত আয় ও ব্যয় ২০২৩-২৪

(লাখ টাকায়)

| বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | সাময়িক ২০২১-২২ |
|---|---|---|---|---|
| **আয়** | | | | |
| ১ . ইউনিটসমূহ হতে লেভি সংগ্রহ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২ . সরকারি অনুদান | ৫০৬৯৬.২৪ | ৫৩৪৫৩.২০ | ৪৭৪৪৪.৫৫ | ৫১৮৮৮.৬৭ |
| ৩ . বৈদেশিক অনুদান | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৪ . লাইসেন্স ফি, কর ইত্যাদি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৫ . রেজিস্ট্রেশন ও বার্ষিক ফি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৬ . সেবার জন্য প্রাপ্য ফি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৭ . প্রকাশনা বিক্রয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৮ . ব্যবসায়িক মুনাফা | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৯ . প্রাপ্য সুদ | ২৪০০.০০ | ২৩৩৭.১৮ | ১৮৫০.০০ | ২৪৫৮.০০ |
| ১০ . প্রাপ্য ভাড়া | ২৭০০.০০ | ২২৪৩.৪৯ | ২২৩৬.০০ | ১৯৭৯.১৮ |
| ১১ . অন্যান্য | ১৮০.০০ | ৫৭.৬০ | ৫০.০০ | ১৮৬.০০ |
| ১২ . মোট আয় | ৫৫৯৭৬.২৪ | ৫৮০৯১.৪৭ | ৫১৫৮০.৫৫ | ৫৬৫১১.৮৫ |
| **ব্যয়** | | | | |
| ১৩ . বেতন ও ভাতাদি | ১৬২২.৩৭ | ১৫০৬.১১ | ১২২৫.৬৭ | ১৯০১.৭৩ |
| ১৪ . কর্মচারীদের ভবিষ্য তহবিল/পেনশন ফান্ড | ২০৪.৬৭ | ১৯৪.৯৩ | ৪৬১.৭১ | ২৩৩.০৯ |
| ১৫ . মেরামত ও রক্ষণাবেক্ষণ | ৪৭.৯৬ | ৩৫.১৪ | ২৭.০০ | ১৯.৭৮ |
| ১৬ . অবচয় | ৫০.০০ | ৬৯.৭১ | ৫০.০০ | ৩৫.০০ |
| ১৭ . প্রশিক্ষণ | ৬০.০০ | ৫০.০০ | ৫০.০০ | ৪৬.১০ |
| ১৮ . সিএনজি, পেট্রল, অকটেন , লুব্রিকেন্ট ও অন্যান্য | ৩০.০০ | ২৪.০০ | ২০.০০ | ১৮.০০ |
| ১৯ . সমাজ কল্যাণ ব্যয় | ৯৯৩.০৪ | ৭৬৪.২৪ | ৯৭৩.০৪ | ৭২১.১৭ |
| ২০ . উপদেষ্টা নিয়োগের জন্য ব্যয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২১ . ভর্তুকি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২২ . পরিশোধিতব্য সুদ | ৩০.০০ | ২০.০০ | ৩০.০০ | ২০.০০ |
| ২৩ . অন্যান্য | ৫১২২৩.৭৬ | ৫৩৯৩৫.৮১ | ৪৭৮৬০.৯৫ | ৫২১৬৬.৮১ |
| ২৪ . মোট ব্যয় | ৫৪২৬১.৮০ | ৫৬৫৯৯.৯৪ | ৫০৬৯৮.৩৭ | ৫৫১৬১.৬৮ |
| ২৫ . মাথাপিছু ব্যয় (সুদ ব্যতীত ) (টাকা) | ২০০১১৭৩৪.৩২ | ২০৮৭৮২০৬.৬৪ | ২০৬৮০৯৬৭.৩৫ | ২২৫০৬৮০৮.১ |
| ২৬ . হেড অফিস ও ইউনিটের ব্যয় হার | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২৭ . ব্যয় উদ্বৃত্ত আয়/(ঘাটতি) | ১৭১৪.৪৪ | ১৪৯১.৫৩ | ৮৮২.১৮ | ১৩৫০.১৭ |

**বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট**

**প্রধান কার্যালয়**

**প্রাক্কলিত মুনাফা ও তহবিল প্রবাহ ২০২৩-২৪** **(লাখ টাকায়)**

| বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | সাময়িক ২০২১-২২ |
|---|---|---|---|---|
| **তহবিলের উৎস** | | | | |
| ১. প্রারম্ভিক নগদ ও ব্যাংক স্থিতি | ২০,৬৯৩.৩৩ | ২৫,১৮৯.৭০ | ৪,০৮৫.৯২ | ২৫,২৩০.৬৪ |
| ২. ব্যয় উদ্বৃত্ত আয় | ১,৭১৪.৪৪ | ১,৪৯১.৫৩ | ৮৮২.১৮ | ১,৩৫০.১৭ |
| ৩. অবচয় | ৫০.০০ | ৬৯.৭১ | ৫০.০০ | ৩৫.০০ |
| ৪. অন্যান্য (নগদ ব্যতীত) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৫. প্রাপ্য নতুন মূলধন | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৬. প্রাপ্য ঋণ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৭. স্থায়ী পরিচালন সম্পত্তি বিক্রয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৮. অন্যান্য স্থায়ী সম্পত্তি বিক্রয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৯. ব্যাংক ওভারড্রাফট বৃদ্ধি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১০. পাওনাদারসহ অন্যান্য চলতি দায় বৃদ্ধি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১১. অন্যান্য | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১২. মোট তহবিল সংগ্রহ | ২২,৪৫৭.৭৭ | ২৬,৭৫০.৯৪ | ৫,০১৮.১০ | ২৬,৬১৫.৮১ |
| **তহবিলের প্রয়োগ** | | | | |
| ১৩. আয়কর | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৪. পূর্ববর্তী বৎসরের সমন্বয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৫. সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৬. স্থায়ী পরিচালন সম্পত্তিতে বিনিয়োগ | ৬,৫৪৩.৯০ | ৫৮০.২৭ | ১,৫৮৬.০০ | ২৮.৩৯ |
| ১৭. অন্যান্য স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৮. দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৯. মজুদসহ অন্যান্য চলতি সম্পদ বৃদ্ধি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২০. সমাপনী নগদ ও ব্যাংক স্থিতি | ১৩,৭৮৮.০০ | ২০,৬৯৩.৩৩ | ৫,০৬৩.১৮ | ২৫,১৮৯.৭০ |
| ২১. অন্যান্য | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২২. মোট তহবিল প্রয়োগ | ২০,৩৩১.৯০ | ২১,২৭৩.৬০ | ৬,৬৪৯.১৮ | ২৫,২১৮.০৯ |
| ২৩. নীট তহবিল বৃদ্ধি/(ঘাটতি) | ২,১২৫.৮৭ | ৫,৪৭৭.৩৪ | -১,৬৩১.০৮ | ১,৩৯৭.৭২ |

**বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট**

প্রধান কার্যালয়

প্রাক্কলিত স্থিতিপত্র জুন **২০২৪** **(লাখ টাকায়)**

| **বিবরণ** | **বাজেট ৩০ জুন ২০২৪** | **সংশোধিত ৩০ জুন ২০২৩** | **সাময়িক ৩০ জুন ২০২২** |
|---|---|---|---|
| **মূলধন ও দায়** | | | |
| ১. মূলধন | ১৫০.০০ | ১৫০.০০ | ১৫০.০০ |
| ২. সংরক্ষিত তহবিল | ২৪৮১৫.৪৮ | ২৩১০১.০৪ | ২১৬০৯.৫১ |
| ৩. ইক্যুইটি | ২৪৯৬৫.৪৮ | ২৩২৫১.০৪ | ২১৭৫৯.৫১ |
| ৪. দীর্ঘমেয়াদি দায় | ৮২৫৭.৮৮ | ৮২৫৭.৮৮ | ৮২৫৭.৮৮ |
| ৫. চলতি দায় | ৩৬৭৬৪.০৭ | ৩৬৭৬৪.০৭ | ৩৬৭৬৪.০৭ |
| ৬. মোট দায় | ৪৫০২১.৯৫ | ৪৫০২১.৯৫ | ৪৫০২১.৯৫ |
| ৭. মোট তহবিল | ৬৯৯৮৭.৪৩ | ৬৮২৭২.৯৯ | ৬৬৭৮১.৪৬ |
| **মুলধন কাঠামো ও লিকুইডিটি অনুপাত** | | | |
| ৮. ঋণ মূলধন অনুপাত | ৬৪ : ৩৬ | ৬৬ : ৩৪ | ৬৭:৩৩ |
| ৯. চলতি অনুপাত | ১.৭১ : ১ | ১.৮৪ : ১ | ১.৮১ : ১ |
| ১০. তবরিত সম্পদ অনুপাত | ১.৯০ : ১ | ১.৮৬ : ১ | ১.৮১ : ১ |
| **সম্পওিসমূহ** | | | |
| ১১. ব্যবসা পরিচালনার স্থাবর সম্পত্তি | ৭৭০১.৩৮ | ১১৫৭.৪৮ | ৫৭৭.২১ |
| ১২. বাদ : ক্রমপুঞ্জিত অবচয় | ৫০৭.৪০ | ৪৫৭.৪০ | ৩৮৭.৬৯ |
| ১৩. নীট স্থাবর সম্পত্তি | ৭১৯৩.৯৮ | ৭০০.০৮ | ১৮৯.৫২ |
| ১৪. অন্যান্য স্থাবর সম্পত্তি | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৫. চলতি সম্পদ | ৬২৭৯৩.৪৫ | ৬৭৫৭২.৯১ | ৬৬৫৯১.৯৪ |
| ১৬. মোট সম্পদ | ৬৯৯৮৭.৪৩ | ৬৮২৭২.৯৯ | ৬৬৭৮১.৪৬ |

## বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট

প্রধান কার্যালয়

কর্মীর বিবরণ

| কর্মীর সংখ্যা | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কর্মীর শ্রেণি | বাজেট ২০২৩-২৪ | | | সংশোধিত বাজেট ২০২২-২৩ | | | সাময়িক ২০২১-২২ | | বাজেট ২০২৩-২৪ | | | |
| | অনুমোদিত পদ | বর্তমান সংখ্যা | প্রত্যাশিত সংখ্যা | অনুমোদিত পদ | বর্তমান সংখ্যা | প্রত্যাশিত সংখ্যা | অনুমোদিত পদ | বর্তমান সংখ্যা | মূল বেতন | ভাতাদি | মোট বেতন ও ভাতাদি | কর্মী প্রতি গড় (টাকা) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| ১. কর্মচারী (গ্রেড ১-৫) | ১৯ | ৭ | ৯ | ১৯ | ৭ | ৯ | ১৯ | ৮ | ৫৬.৭৬ | ৫৪.২৬ | ১১১.০২ | ১,২৩৩,৫৫৬ |
| ২. কর্মচারী (গ্রেড ৬-৯) | ৫৫ | ৩৬ | ৫২ | ৫৫ | ৩৬ | ৫২ | ৫৫ | ৪৪ | ১৯৬.০৮ | ১৮১.০১ | ৩৭৭.০৯ | ৭২৫,১৭৩ |
| ৩. কর্মচারী (গ্রেড ১০) | ৩৫ | ৪৪ | ৫৬ | ৩৫ | ৪৪ | ৫৬ | ৩৫ | ৫০ | ১৬৭.৫০ | ৩০৪.৬৮ | ৪৭২.১৮ | ৮৪৩,১৭৯ |
| ৪. উপ-মোট (১+২+৩) | ১০৯ | ৮৭ | ১১৭ | ১০৯ | ৮৭ | ১১৭ | ১০৯ | ১০২ | ৪২০.৩৪ | ৫৩৯.৯৫ | ৯৬০.২৯ | ৮২০,৭৬১ |
| ৫. কর্মচারী(গ্রেড ১১-২০) | ৫৮ | ৭০ | ৯৪ | ৫৮ | ৭০ | ৯৪ | ৫৮ | ৬৭ | ১৫৫.৪০ | ৩৬৬.৬৯ | ৫২২.০৯ | ৫৫৫,৪১৫ |
| ৬. দক্ষ শ্রমিক | ১৯৮ | ৪৭ | ৩০ | ১৯৮ | ৪৭ | ৩০ | ১৯৮ | ৪৬ | ৯৬.৬৪ | ২০১.৪৯ | ২৯৮.১৩ | ৯৯৩,৭৬৭ |
| ৭. আধা-দক্ষ শ্রমিক | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০ |
| ৮. অদক্ষ শ্রমিক | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০ |
| ৯. অনিয়মিত শ্রমিক | ০ | ৫৮ | ৩০ | ০ | ৫৮ | ৩০ | ০ | ৩০ | ৩৯.৭৭ | ৬.৭৫ | ৪৬.৫২ | ১৫৫,০৬৭ |
| ১০. উপ-মোট (৫+...+৮) | ২৫৬ | ১১৭ | ১২৪ | ২৫৬ | ১১৭ | ১২৪ | ২৫৬ | ১১৩ | ২৫২.০৪ | ৫৬৮.১৮ | ৮২০.২২ | ৬৬১,৪৬৮ |
| ১১. মোট (৪+৯+১০) | ৩৬৫ | ২৬২ | ২৭১ | ৩৬৫ | ২৬২ | ২৭১ | ৩৬৫ | ২৪৫ | ৭১২.১৫ | ১,১১৪.৮৮ | ১,৮২৭.০৩ | ৬৭৪,১৮১ |

**বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট**

প্রধান কার্যালয়

কর্মীর বিবরণ

| **বেতন ও ভাতাদি (লাখ টাকায়)** | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| **সংশোধিত বাজেট ২০২২-২৩** | | | | **অনুমোদিত বাজেট ২০২২-২৩** | | | | **সাময়িক ২০২১-২২** | | | |
| মূল বেতন | ভাতাদি | মোট বেতন ও ভাতাদি | কর্মী প্রতি গড় (টাকা) | মূল বেতন | ভাতাদি | মোট বেতন ও ভাতাদি | কর্মী প্রতি গড় (টাকা) | মূল বেতন | ভাতাদি | মোট বেতন ও ভাতাদি | কর্মী প্রতি গড় (টাকা) |
| **১৪** | **১৫** | **১৬** | **১৭** | **১৮** | **১৯** | **২০** | **২১** | **২২** | **২৩** | **২৪** | **২৫** |
| ৪৬.২২ | ৫০.৩০ | ৯৬.৫২ | ১০৭২৪৪৪ | ৪৩.৯৫ | ৪৮.৯০ | ৯২.৮৫ | ১৩২৬৪২৯ | ৫৬.১০ | ১২১.১৪ | ১৭৭.২৪ | ২২১৫৫০০ |
| ০.০০ | ১৬৫.২১ | ১৬৫.২১ | ৩১৭৭১২ | ২৬১.৫০ | ২২৫.৪৬ | ৪৮৬.৯৬ | ১০১৪৫০০ | ৩৮১.৮৬ | ৬১৯.৪৯ | ১,০০১.৩৫ | ২২৭৫৭৯৫ |
| ১৮৩.২১ | ২৬৪.৬৩ | ৪৪৭.৮৪ | ৭৯৯৭১৪ | ২৯৬.৫০ | ১৮০.২৫ | ৪৭৬.৭৫ | ৯৫৩৫০০ | ২৭৪.২৬ | ৪২৮.৬০ | ৭০২.৮৬ | ১৪০৫৭২০ |
| ২২৯.৪৩ | ৪৮০.১৪ | ৭০৯.৫৭ | ৬০৬৪৭০ | ৬০১.৯৫ | ৪৫৪.৬১ | ১,০৫৬.৫৬ | ১০০৬২৪৮ | ৭১২.২২ | ১,১৬৯.২৩ | ১,৮৮১.৪৫ | ১৮৪৪৫৫৯ |
| ১৫৫.১৮ | ৩৩৬.৯৪ | ৪৯২.১২ | ৫২৩৫৩২ | ৩৭৭.৩০ | ১৩৫.৮০ | ৫১৩.১০ | ৬৪১৩৭৫ | ৩৮০.৪৭ | ৫২৯.০৬ | ৯০৯.৫৩ | ১৩৫৭৫০৭ |
| ১৪৭.৬৪ | ২১৫.৩৬ | ৩৬৩.০০ | ১২১০০০০ | ৭৭.৩৬ | ৩৬.৩৪ | ১১৩.৭০ | ৩৭৯০০০ | ৩০১.৮৪ | ৩৯০.২৮ | ৬৯২.১২ | ১৫০৪৬০৯ |
| ৯২.০৪ | ০.০০ | ৯২.০৪ | ০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০ |
| ০.০০ | ০.০০ | ০.০০ | ০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০ |
| ৩৭.৮৮ | ৬.৪৩ | ৪৪.৩১ | ১৪৭৭০০ | ৩.৭৪ | ০.২৮ | ৪.০২ | ১৩৪০০ | ৫.৪০ | ৪৬.২৫ | ৫১.৬৫ | ১৭২১৬৭ |
| ৩৯৪.৮৬ | ৫৫২.৩০ | ৯৪৭.১৬ | ৭৬৩৮৩৯ | ৪৫৪.৬৬ | ১৭২.১৪ | ৬২৬.৮০ | ৫৬৯৮১৮ | ৬৮২.৩১ | ৯১৯.৩৪ | ১,৬০১.৬৫ | ১৪১৭৩৮৯ |
| ৬৬২.১৭ | ১,০৩৮.৮৭ | ১,৭০১.০৪ | ৬২৭৬৯০ | ১,০৬০.৩৫ | ৬২৭.০৩ | ১,৬৮৭.৩৮ | ৬৮৮৭২৭ | ১,৩৯৯.৯৩ | ২,১৩৪.৮২ | ৩,৫৩৪.৭৫ | ১৪৪২৭৫৫ |

বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট

প্রধান কার্যালয়

অন্যান্য খরচ (তফসিল-ক)

( লক্ষ টাকায়)

| কোড | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত ২০২২-২৩ | অনুমোদিত ২০২২-২৩ | সাময়িক ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| ৩১১১৩২৭ | ওভারটাইম | ৪২.১৫ | ৪১.০৫ | ৩৫.০৫ | ৩২.৬৬ |
| ৩৮২১১১৬ | ইন্সুরেন্স | ৭০.০০ | ৭১.০০ | ৫০.০০ | ৫৭.৮৯ |
| ৩২১১১২৫ | বিজ্ঞাপন | ৩০.৮০ | ২৬.৯০ | ২০.০০ | ১০.৩৬ |
| ৩২২১১০১ | অডিট ফি | ১.০০ | ২.০০ | ০.৪০ | ০.৪০ |
| ৩২৫৭৩০১ | উৎসব খরচ | ১০.০০ | ৯.৮০ | ৪.৫০ | - |
| ৩৮২১১১৩ | চাঁদা (কনকপ) | ৫.০০ | ৩.০০ | ২.০০ | ০.২০ |
| ৩১১১৩৩১ | আপ্যায়ন(নির্বাহী কমিটি মিটিং) | ৩০.০০ | ২০.০০ | ২৫.০০ | ১০.০০ |
| ৩২১১১১৩ | বৈদ্যুতিক খরচ | ৩৫.০০ | ৪৮.০২ | ১৮.০০ | ১৬.৫০ |
| ৩২১১১১০ | ফি এবং আইন খরচ | ৪০.০০ | ৪০.০০ | ৮০.০০ | ৬.৬৭ |
| ৩২৫৬১০৬ | পোষাক পরিচ্ছদ | ৬.০০ | ৪.৯০ | ৬.০০ | ২.৫৩ |
| ৩২১১১২৭ | খবরের কাগজ ও বই | ০.৯৪ | ৪.৫৮ | ১.৬০ | ০.৩১ |
| ৩২২১১০৯ | অফিস পরিচালন খরচ | ৪০.০০ | ৩০.০০ | ১২.০০ | ৭.১৬ |
| ৩২৫৫১ | মনোহরি ও মুদ্রন | ৩৫.০৭ | ২৫.০০ | ২৫.০০ | ২৬.০৭ |
| ৩২১১১১৯ | ডাক ও টিকেট | ১.২৫ | ১.১৫ | ৪.৭৩ | ০.১৯ |
| ০ | ট্যালেক্স ও টেলিগ্রাফ | - | - | - | - |
| ৩২১১১২০ | টেলিফোন | ১.৯৯ | ১.৭১ | ২.৯২ | ২.৬২ |
| ৩৮২১১০২ | কর, খাজনা ও ভাড়া | ৫.০০ | ৬.০০ | ৩.৫০ | ৫.০০ |
| ৩২৪১১০১ | ভ্রমন খরচ | ৩০.০০ | ১৫.০০ | ১৫.০০ | ৮.৪৯ |
| ৩২১১১৩০ | যাতায়াত খরচ | ২০.০০ | ২০.৩৩ | ১৫.০০ | ১৫.৯৪ |
| ৩২১১১১৫ | ওয়াসা বিল খরচ | ৫.০০ | ৬.০৪ | ৩.০০ | ৪.৪৬ |
| ৩২৫৭২০৬ | সম্মানী | ১৬.৩২ | ৯.৭৭ | ২৫.০০ | ১৬.৮৯ |
| ৩২১১১০৭ | কর্মচারীদের পরিবহন খরচ | ২৪.০০ | ২৭.৬৮ | ২৫.০০ | ১৭.৪৭ |
| ৩২১১১৩১ | কম্পিউটার সেবাপ্রদান খরচ | ৬.০০ | ৭.০০ | ২.৭০ | ১.০০ |
| ০ | এক্সসাইজ ডিউটি | - | - | - | - |
| ৩২১১০৩ | পৌর কর ও ভূমি কর | ৬০.০০ | ৫৫.৬৮ | ৪০.০০ | ৩৫.৩৩ |
| ৩৭২১১০২ | রাষ্ট্রীয় সম্মানী ভাতা | ৫০,৬৯৬.২৪ | ৫৩,৪৫৩.২০ | ৪৭,৪৪৪.৫৫ | ৫১,৮৮৮.৬৭ |
| ৩২৫৭১০৫ | ইমপ্লিমেন্টেশন এবং ইভালিউশন ই-গভর্নেন্স | ৭.০০ | ৬.০০ | - | - |
| | মোটঃ- | ৫১,২১৮.৭৬ | ৫৩,৯৩৫.৮১ | ৪৭,৮৬০.৯৫ | ৫২,১৬৬.৮১ |

বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট

বেতন ও ভাতাদি (তফসিল-খ)

( লক্ষ টাকায়)

| কোড | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত ২০২২-২৩ | অনুমোদিত ২০২২-২৩ | সাময়িক ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| **প্রধান কার্যালয়ঃ** | | | | | |
| ৩১১১১০১ | মূলবেতন (অফিসার) | ২০৮.৬৪ | ১৮৩.২৯ | ১৬৪.১৬ | ১৭৬.১৭ |
| ৩১১১২০১ | মূলবেতন (কর্মচারী) | ২৮১.৪৯ | ২৬৭.৪২ | ৩৪০.৬৫ | ১০৭.১০ |
| ৩১১১৩১০ | বাড়ি ভাড়া ভাতা | ২৬৫.২৩ | ২৩২.৭৪ | ২৫০.৪৭ | ৯২.৫৬ |
| ৩১১১৩১১ | চিকিৎসা ভাতা | ২৮.২৭ | ২৩.৬৪ | ১৯.২৯ | ২০.৪১ |
| ৩১১১৩০২ | যাতায়াত ভাতা | ৩.৩১ | ৩.৬৬ | ২.০২ | ৩.৩৫ |
| ৩১১১৩১৬ | ধোলাই ভাতা | ১.৫৯ | ১.৭৭ | ১.৫৫ | ১.৩৮ |
| ৩১১১৩৩৮ | আপ্যায়ন,টিফিন ইত্যাদি | ৪১.১৮ | ৩৪.৫৪ | ৩৭.৯৪ | ২৬.৪৭ |
| | ভবিষ্যৎ তহবিলে অনুদান | ৪১.০১ | ৩৯.০৬ | ৪২.২৮ | ৩০.০৮ |
| ৩৭৩১১০১ | গ্র্যাচুইটি | ১১২.৮৫ | ১০৭.৪৮ | ৬৩.৩২ | ১০৭.৭১ |
| | ছুটি ভাতা | ৫০.৮১ | ৪৮.৩৯ | ৩৩.৭৪ | ৫৯.১১ |
| ৩১১১৩২৫ | উৎসব ভাতা | ৮৩.৬৩ | ৭৯.৬৪ | ৬৫.৭৪ | ৭৪.৮৯ |
| | উপ মোট | ১,১১৮.০১ | ১,০২১.৬৩ | ১,০২১.১৬ | ৬৯৯.২৩ |
| **বন্ধ প্রতিষ্ঠানঃ** | | | | | |
| ৩১১১১০১ | মূলবেতন (অফিসার) | ১২৭.৮০ | ৫০.১২ | ৮৫.০০ | ১৮৫.৯৫ |
| ৩১১১২০১ | মূলবেতন (কর্মচারী) | ১৪৪.৫৭ | ১৬৮.৬৩ | ১৪৪.৫৭ | ৩৫৪.৬৯ |
| ৩১১১৩১০ | বাড়ি ভাড়া ভাতা | ১২৪.৫৭ | ১১৫.৯১ | ১২৪.৫৭ | ২৭৫.৬৬ |
| ৩১১১৩১১ | চিকিৎসা ভাতা | ১৫.৫০ | ২০.৩০ | ১৫.৫০ | ৩০.৭৫ |
| ৩১১১৩০২ | যাতায়াত ভাতা | ২.৭৫ | ৩.৫৫ | ২.৭৫ | ৪.৫০ |
| ৩১১১৩১৬ | ধোলাই ভাতা | ১.৭০ | ১.৭৫ | ১.৭০ | ২.১৫ |
| ৩১১১৩৩৮ | আপ্যায়ন,টিফিন ইত্যাদি | ৩৫.৫০ | ৩৫.৪০ | ৩৫.৫০ | ৪৫.৭০ |
| | ভবিষ্যৎ তহবিলে অনুদান | ২২.৯০ | ৩৫.৭১ | ২২.৯০ | ৫০.৭৫ |
| ৩৭৩১১০১ | গ্র্যাচুইটি | ১৮০.৯৮ | ১৯০.৪৯ | ১৮০.৯৮ | ৩৬০.৪৪ |
| | ছুটি ভাতা | ১৬.৫৫ | ২২.১৫ | ১৬.৫৫ | ৮৫.৫০ |
| ৩১১১৩২৫ | উৎসব ভাতা | ৩৬.২০ | ৩৫.৪০ | ৩৬.২০ | ৩৯.৫০ |
| | উপ মোট | ৭০৯.০২ | ৬৭৯.৪১ | ৬৬৬.২২ | ১,৪৩৫.৫৯ |
| | সর্বমোট | ১,৮২৭.০৩ | ১,৭০১.০৪ | ১,৬৮৭.৩৮ | ২,১৩৪.৮২ |

বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট

প্রধান কার্যালয়

স্থায়ী সম্পদ বৃদ্ধি (মূলধনী খরচ) (তফসিল-গ)

(লক্ষ টাকায়)

| কোড | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত ২০২২-২৩ | অনুমোদিত ২০২২-২৩ | সাময়িক ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| ৪১১১৪ | ভূমি | ০.০০ | ০.০০ | ১,০০০.০০ | ০.০০ |
| ৪১১১৩১৭ | দালান-কোঠা | ৬,২১৪.০০ | ৪৫১.৭৫ | ১৯১.০০ | ৬.৭৪ |
| ৪১১২৩১৬ | যন্ত্রপাতি | ১০৮.০০ | ৩০.০০ | ২০০.০০ | ০.০০ |
| ৪১১২৩১০ | আসবাবপত্র ও অফিস ইকুইপমেন্ট | ১৮.৫০ | ১৭.২৭ | ১২.০০ | ৮.৮৯ |
| ৪১১২২০২ | কম্পিউটার ও আনুষঙ্গিক | ২৮.৪০ | ১১.০৫ | ১৮.০০ | ১২.৭৬ |
| ৪১১২১০১ | গাড়ি | ১৭০.০০ | ৬৫.০০ | ১৫০.০০ | ০.০০ |
| | পেটেন্টস ট্রেডমার্কস ও লাইসেন্স | ০.০০ | ০.২০ | ০.০০ | ০.০০ |
| | অন্যান্য স্থায়ী সম্পদ | ৫.০০ | ৫.০০ | ৫.০০ | ০.০০ |
| | মোট | ৬,৫৪৩.৯০ | ৫৮০.২৭ | ১,৫৭৬.০০ | ২৮.৩৯ |

## বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
### দীর্ঘমেয়াদি ঋণ ও ব্যাংক দায় বিবরণী

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | বিবরণ | | বাজেট ২০২৩-২৩৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | সাময়িক ২০২১-২২ |
|---|---|---|---|---|---|---|
| ১. | বৈদেশিক ঋণ (পরিশোধিতব্য) | | | | | |
| | ক. আসল | ... | ২০৯৬.৯৪ | ২০৯৬.৯৪ | ২০৯৬.৯৪ | ২০৯৬.৯৪ |
| | খ. সুদ | ... | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২. | বৈদেশিক ঋণ (বকেয়া) | | | | | |
| | ক. আসল | ... | ২০৯৬.৯৪ | ২০৯৬.৯৪ | ২০৯৬.৯৪ | ২০৯৬.৯৪ |
| | খ. সুদ | ... | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৩. | সরকারি ঋণ (পরিশোধিতব্য) | | | | | |
| | ক. আসল | ... | ৮০২৫.৪৫ | ৮০২৫.৪৫ | ৮০২৫.৪৫ | ৮০২৫.৪৫ |
| | খ. সুদ | ... | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৪. | সরকারি ঋণ (বকেয়া) | | | | | |
| | ক. আসল | ... | ৮০২৫.৪৫ | ৮০২৫.৪৫ | ৮০২৫.৪৫ | ৮০২৫.৪৫ |
| | খ. সুদ | ... | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৫. | ব্যাংক ঋণ (পরিশোধিতব্য) | | | | | |
| | ১. দীর্ঘমেয়াদি | | | | | |
| | ক. আসল | | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| | খ. সুদ | | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| | ২. স্বল্পমেয়াদি | | | | | |
| | ক. আসল | | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| | খ. সুদ | | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৬. | ব্যাংক ঋণ (বকেয়া) | | | | | |
| | ১. দীর্ঘমেয়াদি: | | | | | |
| | ক. আসল | | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| | খ. সুদ | | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| | ২. স্বল্পমেয়াদি | | | | | |
| | ক. আসল | | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| | খ. সুদ | | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| | **মোট** | ... | **১০১২২.৩৯** | **১০১২২.৩৯** | **১০১২২.৩৯** | **১০১২২.৩৯** |

(কর্পোরেশন হইতে প্রাপ্ত হিসাব অনুযায়ী)

### দীর্ঘমেয়াদি ঋণের বিবরণী

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | বিবরণ | | ৩০.০৬.২২ পর্যন্ত প্রদেয় | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত ২০২২-২৩ | আদায় ২০২১-২২ |
|---|---|---|---|---|---|---|
| | দীর্ঘমেয়াদি ঋণের বিবরণী | | ৭৮৩০.০২ | | | |
| ১. | আসল | ... | ... | ১৫,৫৪০.০০ | ০.০০ | ০.০০ |
| ২. | সুদ | ... | ... | ১৫২১.৩৩ | ০.০০ | ০.০০ |
| | **মোট** | ... | **৭৮৩০.০২** | **১৭০৬১.৩৩** | **০.০০** | **০.০০** |

(ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ, ডি এস এল অধিশাখা হতে প্রাপ্ত )